

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 “বাংলাদেশ টেলিভিশনের দেশব্যাপি ডিজিটাল টেরিস্ট্রিয়াল
 সম্প্রচার প্রবর্তন (১ম পর্যায়)” শীর্ষক প্রকল্প
 বিটিভি সদর দপ্তর, রামপুরা, ঢাকা-১২১৯।
www.btv.gov.bd

১৫.৫৪.০০০০.০২৩.১৪.৫০৪.১৮-৪২

তারিখ : ২৮ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ
 ১২ ডিসেম্বর ২০১৮ খ্রিষ্টাব্দ

“নিয়োগ বিজ্ঞপ্তি”

“বাংলাদেশ টেলিভিশনের দেশব্যাপি ডিজিটাল টেরিস্ট্রিয়াল সম্প্রচার প্রবর্তন (১ম পর্যায়)” শীর্ষক প্রকল্পের আওতায় সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সরকার নির্ধারিত সাকুল্য বেতনে প্রকল্প মেয়াদকালের জন্য (অনুমোদিত ডিপিপি অনুযায়ী ডিসেম্বর/২০২০ পর্যন্ত) নিম্নলিখিত পদসমূহ পূরণের নিমিত্ত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে (নির্ধারিত ফরমে) আবেদন/ দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্র. নং	পদের নাম	মাসিক সাকুল্য বেতন	বেতন গ্রেড	পদের সংখ্যা	দরখাস্ত গ্রহণের সর্বশেষ তারিখ ০৬/০১/২০১৯-এ বয়স সীমা	শিক্ষাগত যোগ্যতা
১	২	৩	৪	৫	৬	৭
১.	টেলিভিশন প্রকৌশলী	৩৫,৬০০/=	৯	০৮	অনুর্ধ্ব ৩০ বৎসর	(ক) কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে ইলেকট্রিক্যাল/ ইলেকট্রনিক্স/ মাইক্রোওয়েভ ইঞ্জিনিয়ারিং-এ ডিগ্রী অথবা কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থ বিদ্যা/ ফলিত পদার্থ বিদ্যায় প্রথম শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।
২.	উপ-সহকারী প্রকৌশলী	২৭,১০০/=	১০	১৬	অনুর্ধ্ব ৩০ বৎসর	(ক) কোন স্বীকৃতিপ্রাপ্ত পলিটেকনিক ইনস্টিটিউট হইতে ইলেকট্রিক্যাল/ ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং-এ ন্যূনতম ০৩(তিন) বৎসর মেয়াদী কোর্সের ডিপ্লোমা।
৩.	সহকারী হিসাব রক্ষক	১৮,৩০০/=	১৪	০১	অনুর্ধ্ব ৩০ বৎসর	(ক) কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে স্নাতক ডিগ্রী।

প্রয়োজনীয় তথ্যাবলী :

- ০১। প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত একপাতার নির্ধারিত ফরমে আবেদন দাখিল করতে হবে। আবেদন ফরমটি বিটিভির ওয়েবসাইট www.btv.gov.bd থেকে ডাউনলোড করে স্ব-হস্তে নির্ভুল ও স্পষ্টভাবে পূরণপূর্বক স্বাক্ষরপ্রাপ্ত প্রার্থীর সদ্য তোলা ০২ কপি সত্যায়িত ছবিসহ (ছবির পিছনে প্রার্থীর নাম লেখা থাকতে হবে) আগামী ০৬/০১/২০১৯ তারিখ অফিস সময়ের মধ্যে প্রকল্প পরিচালক, “বাংলাদেশ টেলিভিশনের দেশব্যাপি ডিজিটাল টেরিস্ট্রিয়াল সম্প্রচার প্রবর্তন (১ম পর্যায়)” প্রকল্প, বাংলাদেশ টেলিভিশন, সদর দপ্তর ভবন (কক্ষ নং-১১০৭), রামপুরা, ঢাকা-১২১৯ ঠিকানায় ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি কোন আবেদন গ্রহণ করা হবে না। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ০২। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন নির্ধারিত তারিখের মধ্যে পৌঁছাতে হবে।
- ০৩। ০৬/০১/২০১৯ তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ৬নং কলামের বর্ণনা অনুযায়ী হবে। তাছাড়া, সরকারি বিধান মোতাবেক মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের সর্বোচ্চ বয়সসীমা হবে ৩২ বৎসর পর্যন্ত।
- ০৪। মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা ৩০ বৎসর।
- ০৫। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। তাছাড়া, জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণ হিসেবে ইউনিয়ন পরিষদ/ পৌরসভা/ সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হলে প্রার্থীকে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সনদ পত্রের সত্যায়িত কপি (সরকারের সর্বশেষ প্রজ্ঞাপন অনুযায়ী সনদ পত্রের সত্যায়িত কপি) দাখিল করতে হবে। এছাড়া আবেদনকারী মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ পৌরসভার মেয়র/ পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- ০৬। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।
- ০৭। অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদন/ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/ভূয়া/ ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে তার দরখাস্ত বা নিয়োগ সরাসরি বাতিল করা হবে।
- ০৮। খামের উপরে আবেদনকৃত পদের নাম উল্লেখ করতে হবে।
- ০৯। দরখাস্তের সাথে পরীক্ষার ফি বাবদ (অফিফের যোগ্য) ক্রমিক নং ১-২ এ বর্ণিত পদসমূহের জন্য ২০০/- (দুইশত) টাকা এবং ক্রমিক নং ৩-এ বর্ণিত পদের জন্য ১০০/- (একশত) টাকা হারে নিম্নোক্ত কোড নম্বরে ট্রেজারী চালান এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে জমা প্রদানপূর্বক চালানের মূলকপি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

১	-	৩	৩	৫	৩	-	০	০	০	০	-	২	০	৩	১
---	---	---	---	---	---	---	---	---	---	---	---	---	---	---	---

- ১০। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১১। বর্ণিত পদসমূহে নিয়োগ প্রদান/ বাতিল এবং পদসংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা প্রকল্প কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ১২। এ নিয়োগ প্রকল্প মেয়াদকালের জন্য সাকুল্য বেতনে করা হবে এবং প্রকল্পের মেয়াদান্তে পদসমূহ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে ও বর্ণিত পদসমূহের জন্য ইস্যুকৃত নিয়োগপত্র প্রকল্পের মেয়াদান্তে অব্যাহতিপত্র হিসেবে গণ্য হবে।
- ১৩। জ্ঞাতব্য :
 (ক) যে কোন প্রকার তদবির প্রার্থী নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবে।
 (খ) বর্ণিত নিয়োগ বিজ্ঞপ্তিটি বাংলাদেশ টেলিভিশনের ওয়েবসাইট www.btv.gov.bd এ পাওয়া যাবে।


 প্রকল্প পরিচালক
 বাংলাদেশ টেলিভিশন